# FREEDOM OF ASSOCIATION POLICY

## সংঘ করার স্বাধীনতা পলিসি

Approved by

Director

Paradise Washing Plant Ltd.

## পলিসিঃ

অনন্ত গ্রুপে শ্রমিক ও মালিকের সম্পর্ক, অথবা শ্রমিক এবং শ্রমিকের সম্পর্ক নিয়ন্ত্রন করার লক্ষ্যে কোন পার্থক্য ছাড়াই সকল শ্রমিকের ট্রেড ইউনিয়ন গঠন করার এবং সংশ্লিষ্ট ইউনিয়নের গঠনতন্ত্র সাপেক্ষে তাদের নিজস্ব পছন্দের ট্রেড ইউনিয়নে যোগদানের অধিকার আছে। অনন্ত কর্তৃপক্ষ এ ব্যাপারে শ্রদ্ধাশীল। এবং শ্রমিকগন যদি আইনানুগভাবে তাদের পছন্দের ট্রেড ইউনিয়ন গঠন করেতে চায় তাহলে এক্ষেত্রে তাদের পূর্ন স্বাধিনতা রয়েছে।

রেফারেন্স ঃ অধ্যায় ১৩, শ্রমআইন ২০০৬।

## মালিক ও শ্রমিকের ট্রেড ইউনিয়ন

(খ) শ্রমিকগনের এবং মালিকগনের ট্রেড ইউনিয়নের ফেডারেশন (যেথৈ দরকষাকষি )গঠন করারএবং তাতে যোগদান করার অধিকার থাকবে, এবং উক্তরূপ কোন ইউনিয়ন বা ফেডারেশন এর শ্রমিক অথবা মালিকগনের সংগঠনের কোন আন্তর্জাতিক সংস্থা বা কনফেডারেশনের সাথে সম্বন্ধীকরনের অধিকার থাকবে।

(ক) একইভাবে মালিকেরও মালিকদের ট্রেড ইউনিয়নে যোগদান করার অধিকার থাকবে।

(গ) ট্রেড ইউনিয়ন সমূহের এবং মালিকদের সমিতিসমূহের নিজস্ব গঠনতন্ত্র ও বিধিমালা প্রনয়নের, সম্পূর্ন স্বাধীনভাবে নিজস্ব প্রতিনিধিদের নির্বাচনের, সমিতির প্রসাশন ও কর্মতৎপরতা, সংগঠনের এবং কর্মসূচী প্রনয়নের অধিকার থাকবে।

## রেজিষ্ট্রিকরনের জন্য দরখাস্ত

কোন ট্রেড ইউনিয়ন তার সভাপতি এবং সম্পাদকের স্বাক্ষরে, রেজিষ্ট্রিকরনের জন্য সংশ্লিষ্ট এলাকার রেজিষ্টার অব ট্রেড ইউনিয়ন এর নিকট দরখাস্ত করতে পারবে।

## রেজিষ্ট্রিকরনের জন্য প্রয়োজনীয় বিষয়াদি

(১) এই অধ্যায়ের অধীন কোন ট্রেড ইউনিয়ন রেজিষ্ট্রিকরনের অধিকারী হবে না, যদি না তার গঠনতন্ত্রে নিন্মলিখিত বিষয়াদির বিধান থাকে, যথাঃ-

(ক) ট্রেড ইউনিয়নের নাম ও ঠিকানা;

(খ) ট্রেড ইউনিয়ন গঠনের উদ্দেশ্য;

(গ) কোন শ্রমিকরেও ট্রেড ইউনিয়নের সদস্য হবার পন্থা, এবং এতে কোন শ্রমিক এর গঠনতন্ত্রে প্রদর্শিত ফরমে "তিনি অন্য কোন ট্রেড ইউনিয়নের সদস্য নহেন" এই মর্মে ঘোষনা দিয়ে দরখাস্ড় না করলে উহার সদস্য হতে পারবেন না এই মর্মে স্পষ্ট বিধান;

(ঘ) ট্রেড ইউনিয়নের তহবিলের উৎস এবং উক্ত তহবিল কি উদ্দেশ্যে ব্যবহৃত হবে তার বর্ননা;

(ঙ) ট্রেড ইউনিয়নের সদস্যগনের তালিকা সংরক্ষন এবং উহার কর্মকর্তা ও সদস্য কর্তৃক উহা পরিদর্শনের পর্যপ্ত সুবিধা;

(চ) গঠনতন্ত্রের পরিবর্তন, সংশোধন ও বাতিলের পন্থা;

(ছ) ট্রেডইউনিয়ন তহবিলের নিরাপদ হেফাজত, এর বাৎসরিক নিরীক্ষা, নিরীক্ষার পন্থা, এবং ট্রেডইউনিয়নের কর্মকর্তা ও এর সদস্য কর্তৃক এর হিসাব বই পরিদর্শনের পর্যপ্ত সুবিধা;

(জ) ট্রেড ইউনিয়ন অবলুপ্তির পন্থা;

(ঝ) ট্রেড ইউনিয়নের সাধারন সদস্যগন কর্তৃক এর কর্মকর্তা নির্বচনের পন্থা, এবং কর্মকর্তাগনের কার্যকালের মেয়াদ যা কোন ক্ষেত্রেই দুই বৎসরের বেশী হবে না

(ঞ) কর্মকর্তাগনের সংখ্যা যা বিধি দ্বারা নির্দারিত পাঁচজনের কম এবং পঁয়ত্রিশ জনের বেশী হবে না;

(ট) ট্রেড ইউনিয়নের কর্মকর্তাগনের বিরুদ্ধে অনাস্থা প্রকাশের পদ্ধতি

(ঠ) ট্রেড ইউনিয়নের নির্বহী কমিটি এবং সাধারন সদস্যগনের সভা আহবান, যা নির্বাহী কমিটির ক্ষেত্রে প্রতি তিন মাস অন্ড়ত একবার এবং সাধারন সদস্যগনের ক্ষেত্রে প্রতি বৎসরে অন্ড়ত একবার হতে হবে।

(২) শ্রমিকগনের কোন ট্রেড ইউনিয়ন এই অধ্যায়ের অধীন রেজিষ্ট্রিকরনের অধিকারী হবে না, যদি না যে প্রতিষ্ঠানে তা সংগঠিত হয়েছে, সে প্রতিষ্ঠানে নিযুক্ত শ্রমিকগনের মোট সংখ্যার অন্যূন শতকরা ত্রিশভাগ শ্রমিক এর সদস্য হনঃ

তবে শর্ত থাকে যে, একই মালিকের অধীন একাধিক প্রতিষ্ঠান যদি একই শিল্প পরিচালনার উদ্দেশ্যে একে অপরের সাথে সংশি- ষ্ট ও সম্পর্কযুক্ত হয়, তা হলে তারা যেখানেই স্থাপিত হোক না কেন এই উপধারার উদ্দেশ্যে একটি প্রতিষ্ঠান বলে গন্য হবে।
(৩) কোন প্রতিষ্ঠানে বা প্রতিষ্ঠান পুঞ্জে কোন সময়ে তিনটির অধিক রেজিষ্ট্রিকৃত ট্রেড ইউনিয়ন থাকবে না।

## ট্রেড ইউনিয়নের সদস্য বা কর্মকর্তা হওয়ার অযোগ্যতা

(১) কোন ট্রেডইউনিয়নের গঠনতন্ত্রে যা কিছুই থাকুক না কেন, কোন ব্যক্তি এর কর্মকর্তা অথবা সদস্য নির্বাচিত হওয়ার বা থাকবার যোগ্য হবেন না যদি -
(ক) তিনি নৈতিক স্খলনজনিত কোন ফৌজদারী অপরাধে দোষী সাব্যস্ড় হয়ে থাকেন, অথবা ধারা ১৯৬(২)(ঘ) অথবা ধারা ২৯৮ এর অধীন কোন অপরাধের জন্য দোষী সাব্যস্ড় হয়ে থাকেন এবং তার মুক্তিলাভের পর দুই বৎসরকাল অতিবাহিত না হয়ে থাকে;
(খ) যে প্রতিষ্ঠানে ট্রেড ইউনিয়ন গঠন করা হয়েছে - সে প্রতিষ্ঠানে তিনি শ্রমিক হিসাবে নিয়োজিত বা কর্মরত না থাকেন।
(২) উপধারা (১)(খ) এর কোন কিছুই কোন ট্রেড ইউনিয়ন ফেডারেশনের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।
মালিকের পক্ষে অসৎ শ্রম আচরন - কোন মালিক অথবা মালিকগনের ট্রেড ইউনিয়ন অথবা তাদেরও পক্ষে ভারপ্রাপ্ত কোন ব্যক্তি -
(ক) কোন চাকুরী চুক্তিতে সংশি- ষ্ট শ্রমিকের কোন ট্রেড ইউনিয়নে যোগদান করা অথবা কোন ট্রেড ইউনিয়নে তার সদস্য পদ চালু রাখার অধিকারের উপর বাধা সম্বলিত কোন শর্ত আরোপ করিবেন না;
(খ) কোন শ্রমিক কোন ট্রেড ইউনিয়নের সদস্য বা কর্মকর্তা আছেন অথবা নহেন- এই অজুহাতে তার চাকুরীতে নিয়োজিত করতে অথবা নিয়োজিত রাখতে অস্বীকার করিবেন না;
(গ) কোন শ্রমিক কোন ট্রেড ইউনিয়নের সদস্য অথবা কর্মকর্তা আছেন অথবা হতে চাহেন, অথবা অন্য কোন ব্যক্তিকে উক্তরূপ সদস্য বা কর্মকর্তা হওয়ার জন্য প্ররোচিত করেন, এই কারনে অথবা কোন ট্রেড ইউনিয়নের গঠন, কার্যকলাপ ও এর প্রসাওে অংশগ্রহন করেন এই কারনে তাকে চাকুরী থেকে বরখাস্ড়, ডিসচার্জ অথবা অপসারন করা যাবে না বা তা করার ভয় প্রদর্শন করা যাবে না, অথবা তার চাকুরীর কোন প্রকার ক্ষতি করার হুমকি দেওয়া যাবে না;
(ঘ) ভীতি প্রদর্শন, বল প্রয়োগ, চাপ প্রয়োগ, হুমকি প্রদর্শন, কোন স্থানে আটক, শারীরিক আঘাত; পানি, শক্তি এবং টেলিফোন সুবিধা বিচ্ছিন্ন করে অথবা অন্য কোন পন্থা অবলম্বন করে কোন যৌথ দর কষাকষি প্রতিনিধি কর্মকর্তাকে কোন চুক্তিতে উপনীত হওয়ার অথবা নিস্পত্তিনামায় দস্ড়খত করার জন্য বাধ্য করবেন না বা বাধ্য করার চেষ্টা করবেন না;
(ঙ) ধারার ২০২ এর অধীন কোন নির্বচনে হস্ড়ক্ষেপ করবেন না অথবা কোনভাবে তা প্রভাবিত করবেন না;
(চ) ধারা ১৮৭ এর বিধান ভঙ্গ করেও কোন ট্রেড ইউনিয়নের সভাপতি, সাধারন সম্পাদক, সাংগঠনিক সম্পাদক অথবা কোষাধ্যক্ষকে বদলী করবেন না; অথবা
(ছ) কোন বে-আইনী লক-আউট শুর“ করবেন না বা চালু রাখবেন না অথবা তাতে অংশগ্রহনের জন্য অন্য কোন ব্যক্তিকে প্ররোচিত করবেন না।
শ্রমিকের পক্ষে অসৎ শ্রম আচরন - (১) মালিকের বিনা অনুমতিতে কোন শ্রমিক তার কর্মসময়ে কোন ট্রেড ইউনিয়নের কর্মকান্ডে নিয়োজিত থাকবেন না ঃ
তবে শর্ত থাকে যে, কোন প্রতিষ্ঠানের যৌথ দরকষাকষি প্রতিনিধির সভাপতি বা সাধারন সম্পাদক এর ট্রেড ইউনিয়নের কাজ কর্মে নিয়োজিত থাকার ব্যাপারেও এই উপ ধারার কোন কিছুই প্রযোজ্য হবে না, যদি উক্তরূপ কর্মকান্ড এই আইনের অধীন কোন কমিটি, আলাপ-আলোচনা, সালিস, মধ্যস্থতা অথবা অন্য কোন কর্মধারা সম্পর্কে হয় এবং মালিককে তৎসম্পর্ক যথাসময়ে অবহিত করা হয়।
(২) কোন শ্রমিক বা শ্রমিকগনের ট্রেড ইউনিয়ন অথবা ইউনিয়নের পক্ষে ভারপ্রাপ্ত কোন ব্যক্তি -
(ক) কোন শ্রমিককে কোন ট্রেড ইউনিয়নের সদস্য বা কর্মকর্তা হওয়ার জন্য অথবা না হওয়ার জন্য অথবা উক্ত পদে বহাল থাকার জন্য অথবা তা থেকে বিরত থাকার জন্য ভীতি প্রদর্শন করবেন না;
(খ) কোন শ্রমিককে বা অন্য কোন ব্যক্তিকে কোন সুযোগ দিয়ে বা সুযোগ দেওয়ার প্রস্ড়াব করে অথবা তার জন্য সুযোগ সংগ্রহ করে অখবা সংগ্রহ করার প্রস্ড়াব দিয়ে তাকে কোন ট্রেড ইউনিয়নের সদস্য বা কর্মকর্তা হতে বিরত রাখার জন্য অথবা উক্ত পদ ছেড়ে দেওয়ার জন্য প্রলুব্ধ করবেন না;
(গ) ভীতি প্রদর্শন, বল প্রয়োগ, চাপ প্রয়োগ, হুমকি প্রদর্শন, কোন স্থানে আটক, শারীরিক আঘাত; পানি, শক্তি এবং টেলিফোন সুবিধা বিচ্ছিন্ন করে অথবা অন্য কোন পন্থা অবলম্বন করে কোন কোন শ্রমিককে কোন ট্রেড ইউনিয়নের তহবিলে চাঁদা প্রদান করার জন্য বা না করার জন্য বাধ্য করবেন না বা বাধ্য করার চেষ্টা করবেন না;
(ঘ) কোন বেআইনী ধর্মঘট অথবা ঢিমে তালে কাজ শুর“ করিবেন না বা চালু রাখবেন না; অথবা তাতে অংশগ্রহনের জন্য অন্য কোন ব্যক্তিকে প্ররোচিত করবেন না; অথবা

(ঙ) কোন ট্রেড ইউনিয়নের কোন দাবী অথবা তার কোন লক্ষ্য অর্জনের উদ্দেশ্যে কোন ঘেরাও, পরিবহন অথবা যোগাযোগ ব্যবস্থায় প্রতিবন্ধকতা সৃষ্টি অথবা কোন সম্পত্তির ধ্বংস সাধন করবেন না।
(৩) কোন ট্রেড ইউনিয়ন উহার কর্মকর্তা বা এর পক্ষে নিযুক্ত অন্য কোন ব্যক্তির মাধ্যমে অবৈধ প্রভাব, ভীতি প্রদর্শন, মিথ্যা পরিচয় অথবা ঘুষ দ্বারা ধারা ২০২ এর অধীন অনুষ্ঠিত কোন নির্বাচনে হস্তক্ষেপ করলে, তা উক্ত ট্রেড ইউনিয়নের পক্ষে অসৎ শ্রম আচরন হবে।

## (Communication of the Policy) পলিসির যোগাযোগ ঃ

দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিগন উক্ত পলিসি কার্যকর করতে যে পন্থায় সকলের সাথে যোগাযোগ করবে তা নিন্মরূপ -

ক) ব্যক্তিগত যোগাযোগ

খ) ট্রেনিং

গ) পি.এ সিস্টেম

ঘ) মিটিং

ঙ) দৈনন্দিন ফ্লোর ভিজিট

## পলিসি কার্যকরনের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি ঃ

জনাব অসিম কুমার মজুমদার সিনি,ডি.জি.এম (কমপায়েন্স)

## পলিসির পর্যালোচনা, সংশোধন, পরিমার্জন ঃ

সকলের ফিডব্যাকের ফলাফলের উপর ভিত্তি করে প্রয়োজনে উক্ত পলিসি কোম্পানী ,শ্রম আইন অনুযায়ী যে কোন নিয়ম কানুন পরিমার্জন, সংযোজন, বিয়োজন করার ক্ষমতা সংরক্ষন করে।

| | |
|---|---|
| পলিসি কার্যকরের তারিখ | ঃ জানুয়ারী ২০১৫ |
| ২য় রিভিউ তারিখ | ঃ জানুয়ারী ২০১৬ |
| ৩য় রিভিউ তারিখ | ঃ জানুয়ারী ২০১৭ |
| ৪র্থ রিভিউ তারিখ | ঃ জানুয়ারী ২০১৮ |
| ৫ম রিভিউ তারিখ | ঃ জানুয়ারী ২০১৯ |
| পরবর্তী রিভিউ তারিখ | ঃ জানুয়ারী ২০২০ |